দৈনিক ইত্তেফাক

তারিখ ... 3 APR 2017 ... পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

# কারিগরি শিক্ষক নিয়োগে অবহেলা

বেকারত্ব ঘোচাতে কারিগরি ও কর্মমুখী শিক্ষার বিকল্প নেই। বর্তমান সরকার কারিগরি শিক্ষার প্রসারে এবং দেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরে অত্যন্ত সচেষ্ট। কিন্তু বেসরকারি কারিগরি মাধ্যমিক ও কলেজ শাখায় শিক্ষক নিয়োগসংক্রান্ত পরিস্থিতি ভাবিয়ে তুলছে। এনটিআরসিএ-র বরাবর কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রয়োজনীয় শিক্ষকের চাহিদা দেওয়া হলেও সংশিষ্ট ট্রেডে সারা দেশের কোনো কারিগরি নিবন্ধনধারী অনলাইনে অথবা অন্য কোনোভাবে আবেদন করতে পারেনি কিংবা এনটিআরসিএ আদৌ কোনো ব্যবস্থাই রাখেনি। উদ্বেগের বিষয় হলো, ইতিপূর্বে অনুষ্ঠিত কারি্গরি ট্রেডে ১-১৩তম নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ সকল নিবন্ধন্ধারী শিক্ষক(ইন্সট্রাক্টর)কে আবেদন করার তথা নিয়োগদানের আদৌ কোনো ব্যবস্থা না করা কতটা শিক্ষানুরাগী মানসিকতার পরিচয়? দেশকে মধ্যম আয়ের দেশে উন্নীতকরণে কারিগরি শিক্ষার বিকল্প নেই; আর তাই কর্মমুখী ও কারিগরি শিক্ষার বাস্তবায়নে কারিগরি শিক্ষকের নিয়োগে অবহেলা কোনোভাবেই কাম্য নয়। পরিশেষে, অবিলম্বে সকল কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক অর্থাৎ ট্রেড ইন্সট্রাক্টর নিয়োগদানের জন্য উর্ধ্বতন মহলের দৃষ্টি আকর্ষণ করছি।

**পবিত্র সমদ্দার**
জগদীশপুর, ঝালকাঠী